



মন্তব্য ধারণ সৈনিক

আমাদের ময়ৃ

আমাদের সময়, ২৭-১১-২০২২, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির রোবোটিক্স ক্লাব আইটেক এক্সপোতে চ্যাম্পিয়ন



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির রোবোটিক্স ক্লাব ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি (IUBAT) এ অনুষ্ঠিত 'ITechExpo IUBAT 2022' প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে।

গত ২২ ও ২৩ নভেম্বর ২০২২এ অনুষ্ঠিত ওই প্রতিযোগিতায় বাংলাদেশের ৪০টি সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় অংশ নেয়। বিজয়ী দল ভারতের মুস্তাইয়ে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক আসরে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবে।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি রোবোটিক্স ক্লাবের প্রকল্পটি ধোঁয়া বিশুল্ককরণ ব্যবস্থার উন্নয়ন করেছে। এটি নিষ্কাশন থেকে বিষাক্ত পদার্থকে আলাদা করবে এবং ডিভাইসের ভিতরে জমা করে, পরে পুনর্ব্যবহার করার উপযোগী হিসেবে প্রস্তুত করতে পারে।

বিজয়ী ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি রোবোটিক্স ক্লাবের সদস্যরা হলেন মো. সালাউদ্দিন সাকিব, মো. আসাদ চৌধুরী দীপু এবং মো. মিজানুর রহমান।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. এম. শহিদুল হাসান এই অসামান্য কৃতিত্বের জন্য ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি রোবোটিক্স ক্লাব সদস্যদের অভিনন্দন জানিয়েছেন।